

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
( www.tmed.gov.bd )

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৫১.১৯-০৪

তারিখ: ২৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
০৮ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়: মাদ্রাসা শিক্ষা ধারায় বৃত্তিমূলক কোর্স চালুর লক্ষ্যে জনবল নিয়োগ প্রসংগে।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.১০২.২০.০৩৭.১৪.৬৭৭, তারিখ: ০৩ নভেম্বর, ২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা ধারায় বৃত্তিমূলক কোর্স চালুর লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত ৯২টি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ সংশোধনক্রমে প্রতিটি প্রতিষ্ঠানে ০২টি ট্রেড ইনস্ট্রাক্টর এবং ০২টি ল্যাব এ্যাসিস্টেন্ট/শপ এ্যাসিস্টেন্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্টেন্ট পদসহ মোট ০৪টি পদ অন্তর্ভুক্তসহ জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগ হতে সম্মতি পাওয়া গেছে।

২.০ এমতাবস্থায়, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত ৯২টি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে এন্ড্রি লেভেলে ট্রেড ইনস্ট্রাক্টর পদে (প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ০২টি ট্রেডে মোট ০২ জন ট্রেড ইনস্ট্রাক্টর) জনবল নিয়োগের লক্ষ্যে ট্রেড ভিত্তিক প্রতিষ্ঠানের তালিকা এনটিআরসিএ বরাবর এবং ৯২টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব এ্যাসিস্টেন্ট/শপ এ্যাসিস্টেন্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্টেন্ট পদে (প্রতিটি প্রতিষ্ঠানে ল্যাব এ্যাসিস্টেন্ট/শপ এ্যাসিস্টেন্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্টেন্ট পদে ০২ জন) জনবল নিয়োগের জন্য ট্রেড ভিত্তিক প্রতিষ্ঠানের তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

  
সৈয়দ আসগর আলী  
সহকারী সচিব (মাদ্রাসা-২)  
১৫৪৫৭২০

যুগ্ম-প্রোগ্রাম পরিচালক  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল নং-০৩, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।